

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০২৮.১৭. ৪২০৮

তারিখ: ২৫.০৯.২০১৯খ্রিঃ।

- বিষয় : বিএমইটি এবং এর অধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম গতিশীল, সুষ্ঠু ও সুনামের সাথে করণীয় বিষয়ক সভার কার্যবিবরণী।
- সভার সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিএমইটি, ঢাকা।
- স্থান : সম্মেলন কক্ষ, ২য় তলা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
- তারিখ ও সময় : ১৯/০৯/২০১৯খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা।
- সভার উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভাপতি কর্তৃক উপস্থিত সকল অনুষদ সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	শাখার নাম	সিদ্ধান্ত
১.	প্রশাসন শাখা	<ul style="list-style-type: none">দাপ্তরিক ক্রমে সরকারি বিধি বিধান প্রতিপালন করে বাজার দর যথাযথভাবে যাচাইপূর্বক কেনা কাটা সম্পাদন নিশ্চিত করতে হবে।বিএমইটি ও অধীন দপ্তর সমূহের সংস্কার কাজে পিডব্লিওডি কর্তৃক কাজ সম্পাদন করা হলেও তাদের প্রাক্কলন দরের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পরীক্ষা করে নথি উপস্থাপন করতে হবে।বিএমইটির যাবতীয় পূর্ত কাজ এর ব্যয় বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।জনবল সংকটের বিষয়টি নিরসনে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিয়োগ কমিটির সভা আহ্বান করতে হবে।বদলী সংক্রান্ত আবেদনপত্র সমূহ বিবেচনার ক্ষেত্রে প্রশিক্ষক/ডিপি/অধ্যক্ষ পর্যায়ে বদলীর ক্ষেত্রে প্রশিক্ষণ কার্যক্রম যেন ব্যহত না হয় সে জন্য এক্ষেত্রে পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এর মতামত নিয়ে নথি অগ্রায়ন করতে হবে।বিএমইটির সদর দপ্তরের জনবল বৃদ্ধির জন্য যৌক্তিকভাবে পদ সৃজনের প্রস্তাব উপস্থাপন করতে হবে।জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর নাম পরিবর্তন এর প্রস্তাব প্রেরণ করতে হবে।জেলা পর্যায়ে অবস্থিত বিএমইটির অধীন যে সকল ডিইএমওতে সহকারী পরিচালক ও উপ-সহকারী পরিচালক নেই সে সকল ডিইএমওগুলোতে সমন্বয়ের মাধ্যমে সহকারী পরিচালক/উপ-সহকারী পরিচালকগণকে পদায়নের প্রস্তাব উপস্থাপন করতে হবে।যারা দীর্ঘ দিন ধরে একই শাখায় কাজ করছেন তাদের বদলী করতে হবে।উপপরিচালক (সাধারণ সেবা) এর কার্যক্রমে অধিক গতিশীলতা আনয়নে উপপরিচালক জনাব: মো: রফিকুল ইসলাম'কে আরও তৎপর হতে বলা হয়েছে।টিটিসির অধ্যক্ষদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের মধ্যে যে সকল অভিযোগের মেরিট রয়েছে সে সকল অভিযোগের তদন্ত করতে হবে এবং তাঁদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।বিএমইটির স্বল্প সংখ্যক কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে দাপ্তরিক কাজ অত্যন্ত গতিশীলতার সহিত সুচারুরূপে সম্পাদনের জন্য মহাপরিচালক, বিএমইটি পরিচালক (প্রশাসন) সহ প্রশাসন শাখায় কর্মরত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।দুই বিএমইটির আইটি সেল গঠন করে পদ সৃজন করতে হবে।বিএমইটির নিজস্ব প্রকৌশল শাখার জন্য পদ সৃজন করতে হবে।

